একই স্মারক ও তারিখে প্রতিস্থাপিত হবে

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য শিক্ষা অধিদপ্তর
মহাখালী, ঢাকা- ১২১২
www.dgme.gov.bd

নং- ৫৯.১৪.০০০০.১০৩.৩১.০০১.২৩.২১০ তারিখ: ০৯.০২.২০২৩ খ্রি.

**২০২২-২০২৩ শিক্ষাবর্ষে এমবিবিএস কোর্সে ভর্তিচ্ছু ছাত্র ছাত্রীদের জন্য বিস্তারিত নির্দেশনা**
**(সরকারি ও বেসরকারি মেডিকেল কলেজসমূহের জন্য প্রযোজ্য)**

**'বাংলাদেশ মেডিকেল এন্ড ডেন্টাল কাউন্সিল' কর্তৃক প্রণীত ভর্তি নীতিমালা- ২০২৩ অনুযায়ী অনলাইনে নির্ধারিত ছকে আবেদন করতে হবে।**

০১. আবেদনকারীকে বাংলাদেশের নাগরিক হতে হবে।

০২. (ক) ২০২২-২৩ শিক্ষাবর্ষে ভর্তি পরীক্ষায় অংশগ্রহণে ইচ্ছুক শিক্ষার্থীকে ২০২২ সনে এইচএসসি/'এ'লেভেল/সমমান ও ২০২০ সনে এসএসসি/'ও' লেভেল/সমমান অথবা ২০২১ সনে এইচএসসি/'এ' লেভেল/সমমান ও ২০১৯ সনে এসএসসি/'ও' লেভেল/সমমান পরীক্ষায় উত্তীর্ণ হতে হবে। তবে শর্ত থাকে যে, এইচএসসি/সমমান পরীক্ষায় পাশের পূর্ববর্তী ০২ (দুই) বছরের মধ্যে এসএসসি/সমমান পরীক্ষায় পাশ হতে হবে।
(খ) এসএসসি/ 'ও'লেভেল/সমমান পরীক্ষায় বিজ্ঞান বিভাগ এবং এইচএসসি/ 'এ' লেভেল/সমমান পরীক্ষায় জীববিজ্ঞান, পদার্থবিজ্ঞান ও রসায়নসহ উত্তীর্ণ ছাত্র/ছাত্রীরা আবেদনের যোগ্য বিবেচিত হবেন।

০৩. এসএসসি/সমমান এবং এইচএসসি/সমমান দুটি পরীক্ষায় মোট জিপিএ কমপক্ষে ৯.০০ হতে হবে।

০৪. উপজাতীয় ও পার্বত্য জেলার অ-উপজাতীয় প্রার্থীদের ক্ষেত্রে এসএসসি/সমমান এবং এইচএসসি/সমমান পরীক্ষায় মোট জিপিএ কমপক্ষে ৮.০০ হতে হবে। তবে এককভাবে কোনো পরীক্ষায় জিপিএ ৩.৫০ এর কম হলে আবেদনের যোগ্য বলে বিবেচিত হবে না।

০৫. সকলের জন্যে এইচএসসি/সমমান পরীক্ষায় জীববিজ্ঞানে (Biology) ন্যূনতম গ্রেড পয়েন্ট ৪.০ না থাকলে আবেদন বাতিল বলে গণ্য হবে।

০৬. ১০০ (একশত) নম্বরের ১০০ (একশত)টি এমসিকিউ প্রশ্নের ১ (এক) ঘন্টার লিখিত পরীক্ষা অনুষ্ঠিত হবে। লিখিত পরীক্ষায় বিষয় ভিত্তিক নম্বর বিন্যাস: জীববিজ্ঞান ৩০; রসায়নবিদ্যা ২৫; পদার্থবিদ্যা ২০; ইংরেজি ১৫; সাধারণ জ্ঞান (বাংলাদেশের ইতিহাস ও মুক্তিযুদ্ধ) ১০। লিখিত পরীক্ষায় প্রতিটি ভুল উত্তর প্রদানের জন্য ০.২৫ নম্বর কাটা হবে। লিখিত পরীক্ষায় ৪০ নম্বরের কম নম্বর প্রাপ্তরা অকৃতকার্য বলে গণ্য হবেন। ভর্তিযোগ্য পরীক্ষার্থীদের মেধা তালিকাসহ ফল প্রকাশ করা হবে।

০৭. এসএসসি ও এইচএসসি বা সমমান পরীক্ষায় প্রাপ্ত জিপিএ মোট ২০০ নম্বর হিসেবে নির্ধারণ করে নিম্নলিখিতভাবে মূল্যায়ন করা হবে:
ক) এসএসসি/সমমান পরীক্ষায় প্রাপ্ত জিপিএ এর ১৫ গুণ = ৭৫ নম্বর (সর্বোচ্চ)
খ) এইচএসসি/সমমান পরীক্ষায় প্রাপ্ত জিপিএ এর ২৫ গুণ = ১২৫ নম্বর (সর্বোচ্চ)

০৮. লিখিত ভর্তি পরীক্ষায় প্রাপ্ত নম্বর এবং অনুচ্ছেদ ০৭-এ বর্ণিত পদ্ধতিতে এসএসসি/সমমান ও এইচএসসি/সমমান পরীক্ষায় প্রাপ্ত নম্বরের যোগফলের ভিত্তিতে মেধা তালিকা প্রণয়ন করা হবে।

০৯. পূর্ববর্তী বছরের এইচএসসি পরীক্ষায় উত্তীর্ণ পরীক্ষার্থীদের সর্বমোট (Aggregated) নম্বর থেকে ০৫ (পাঁচ) নম্বর বাদ দিয়ে এবং পূর্ববর্তী বছরের সরকারি মেডিকেল কলেজ বা ডেন্টাল কলেজ/ইউনিট এ ভর্তিকৃত ছাত্র/ছাত্রীদের ক্ষেত্রে মোট প্রাপ্ত নম্বর থেকে ৮.০ (আট) নম্বর বাদ দিয়ে মেধা তালিকা তৈরি করা হবে।

১০. অনলাইনে আবেদন পুরণ করার সময় নির্দেশাবলি ***www.dgme.gov.bd*** ও ***www.dghs.gov.bd*** ভালোভাবে পড়ে বুঝে নির্দেশনা অনুযায়ী সতর্কতার সাথে পূরণ করতে হবে। পরীক্ষা ফি ১০০০/- (এক হাজার) টাকা শুধু প্রি-পেইড টেলিটকের মাধ্যমে জমা দিতে হবে।

১১. **অনলাইনে আবেদন শুরুর তারিখ** : ১৩-০২-২০২৩ খ্রি., সোমবার (দুপুর ১২.০০ টা)

১২. **অনলাইনে আবেদনের শেষ তারিখ** : ২৩-০২-২০২৩ খ্রি., বৃহস্পতিবার (রাত ১১:৫৯ মি.)

১৩. **অনলাইনে আবেদনের ফি জমাদানের শেষ তারিখ** : ২৪-০২-২০২৩ খ্রি. শুক্রবার (রাত ১১.৫৯ মি.)

১৪. **প্রবেশ পত্র বিতরণ (ডাউনলোড)** : ০৬-০৩-২০২৩ খ্রি., সোমবার হতে ০৭-০৩-২০২৩ খ্রি., মঙ্গলবার পর্যন্ত

১৫. **ভর্তি পরীক্ষার তারিখ** : ১০-০৩-২০২৩ খ্রি. শুক্রবার, সকাল ১০.০০ টা হতে ১১.০০ টা পর্যন্ত

১৬. MBBS ভর্তির জন্য *Online* ফরম পুরণের নিয়মাবলি ও ভর্তি সংক্রান্ত বিস্তারিত তথ্য স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগের ওয়েব সাইট ***www.mefwd.gov.bd***, স্বাস্থ্য শিক্ষা অধিদপ্তরের ওয়েব সাইট ***www.dgme.gov.bd*** ও স্বাস্থ্য অধিদপ্তরের ওয়েব সাইট ***www.dghs.gov.bd*** ***http://dgme.teletalk.com.bd*** হতে জানা যাবে।

১৭. আবেদনপত্র প্রক্রিয়াকরণ, নিরীক্ষণ, উত্তরপত্র মূল্যায়ন, ফলাফল চূড়ান্তকরণ এবং পুনঃনিরীক্ষণ ডিজিটাল প্রক্রিয়ায় সম্পন্ন করা হবে। উত্তরপত্র "ওএমআর/আইসিআর" (OMR/ICR) মেশিনে পরীক্ষা করা হবে।

১৮. বাংলাদেশি নাগরিক যারা বিদেশি শিক্ষা (O-Level/A-Level) কার্যক্রমে এসএসসি/এইচএসসি এর সমমান পরীক্ষায় উত্তীর্ণ তাদের মার্কশীট সমূহ বাংলাদেশে প্রচলিত জিপিএতে রূপান্তর করে Equivalence Certificate সংগ্রহ করার পর অনলাইনে আবেদন করতে পারবে। সেক্ষেত্রে তাদেরকে পরিচালক, চিকিৎসা শিক্ষা, স্বাস্থ্য শিক্ষা অধিদপ্তর, মহাখালী, ঢাকা বরাবরে ২০০০/- (দুই হাজার) টাকার ব্যাংক ড্রাফ্ট/পে-অর্ডারসহ আবেদন (স্বাস্থ্য শিক্ষা অধিদপ্তরের মেডিকেল এডুকেশন শাখার কক্ষ নং ২০৪) করে Equivalence Certificate সংগ্রহ করার সময় ID নম্বর নিতে হবে। Equivalence Certificate সংগ্রহ করার জন্য এসএসসি ও এইচএসসি এর সমমান পরীক্ষার মূল নম্বরপত্র ও সনদপত্র এবং নম্বরপত্র ও সনদপত্র সমূহের প্রদানকারী কর্তৃপক্ষ কর্তৃক সত্যায়িত কপি সাথে আনতে হবে।

১৯. বাংলাদেশের নাগরিক যারা বিদেশ থেকে এসএসসি এবং এইচএসসি এর সমমান পরীক্ষায় উত্তীর্ণ হয়েছেন, তাদের নম্বরপত্রসমূহ সংশ্লিষ্ট দেশে বাংলাদেশি দূতাবাস/হাইকমিশন, সংশ্লিষ্ট দেশের বাংলাদেশের জন্য নির্ধারিত দূতাবাস/হাইকমিশন এবং শিক্ষা মন্ত্রণালয়/পররাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা, বাংলাদেশ কর্তৃক

আবশ্যিকভাবে সত্যায়িত হতে হবে। **বাংলাদেশি কোনো প্রতিষ্ঠানে অধ্যয়নকারী বাংলাদেশি বংশোদ্ভূত বিদেশি পাসপোর্টধারীরা কোনোভাবেই এই সুযোগের জন্য বিবেচিত হবেন না।**

২০. বাংলাদেশি নাগরিক শিক্ষার্থী এইচএসসি/সমমান পরীক্ষায় উত্তীর্ণ হওয়ার পর দেশের বাহিরে এমবিবিএস কোর্সে অধ্যয়ন করতে চাইলে বাধ্যতামূলক ভাবে কেন্দ্রীয় ভর্তি পরীক্ষায় অংশগ্রহণ পূর্বক ন্যূনতম ৪০ নম্বর পেতে হবে।

২১. কোটার প্রার্থীদের ক্ষেত্রে নির্ধারিত সরকারি বিধি বিধান প্রযোজ্য হবে।

২২. প্রার্থীর দেয়া তথ্য অসম্পূর্ণ অথবা ভুল প্রমাণিত হলে আবেদন বাতিল বলে গণ্য হবে।

২৩. অনলাইন আবেদনপত্র পূরণের নিয়মাবলি:

২৩.১ অনলাইনে আবেদনপত্র জমা দেওয়ার পূর্বে নির্দেশাবলি ভালভাবে পড়ে, বুঝে নির্দেশনা অনুযায়ী সতর্কতার সাথে দাখিল করতে হবে।

২৩.২ Website এ আবেদনপত্র পূরণের পূর্বে নিম্নেবর্ণিত তথ্য ও অন্যান্য উপকরণ সাথে রাখতে হবে। অনলাইনে আবেদনপত্র পূরণ করার জন্য টেলিটক প্রি-পেইড নম্বর থেকে ১০০০/- (এক হাজার) টাকা পরীক্ষার ফি অবশ্যই জমা দিতে হবে। **ফি জমা দেয়ার পর দাখিলকৃত আবেদনপত্রের কোনো পরিবর্তন করা যাবে না এবং আবেদনপত্র চূড়ান্তভাবে গৃহীত হবে।**

**প্রথম আবেদনের ফি জমা দেয়ার পর দাখিলকৃত আবেদনপত্রের কোনো সংশোধন করা প্রয়োজন হলে পুনরায় আবেদন করে পুনরায় ফি জমা দেয়া সাপেক্ষে আবেদন করা যাবে। তবে এক্ষেত্রে সর্বশেষ আবেদনপত্র চূড়ান্ত বলে বিবেচিত হবে।**

২৩.৩ (১) 300 × 300 pixel মাপের নিজের একটি রঙিন ছবি (jpg) আপলোড দিতে হবে। ফাইলের সাইজ 100 KB এর বেশী হবে না। (স্ক্যান করা অথবা ডিজিটাল ক্যামেরায় তোলা)

(২) 300 × 80 pixel মাপের স্ক্যান করা নিজের একটি স্বাক্ষর (jpg) আপলোড দিতে হবে; (কাগজে গাঢ় করে স্বাক্ষর করে তারপর স্ক্যান করতে হবে)। ফাইলের সাইজ 60 KB এর বেশী হবে না। ছবি ও স্বাক্ষর প্রয়োজনীয় মাপে তৈরি করা ও মিলিয়ে দেখার জন্য Home Page এ একটি Link দেয়া আছে।

২৩.৪ ২৩.৩-এ বর্ণিত ছবি ও স্বাক্ষর কম্পিউটারে (যে কম্পিউটার থেকে Website-এ ঢুকবেন) অথবা Pendrive-এ পূর্ব থেকে সংরক্ষণ করতে হবে।

২৩.৫ ইংরেজিতে নিজের জেলা, বর্তমান ঠিকানা, স্থায়ী ঠিকানা (জেলা, থানা/উপজেলা, পোস্ট কোড ইত্যাদি) লিখিত ভাবে নিজের কাছে সংরক্ষণ করতে হবে।

২৩.৬ ভর্তিচ্ছু মেডিকেল কলেজসমূহের নাম নিজের পছন্দের ক্রমানুসারে সাজিয়ে লিখে রাখা প্রয়োজন। এটা করার আগে অভিভাবক/স্বজনদের সাহায্য নেয়া যেতে পারে। কলেজ কোডগুলো ১১ থেকে ৪৭ (সারণি-২ দ্রষ্টব্য) জানা থাকতে হবে। **অনলাইনে ভর্তি পরীক্ষার আবেদন দাখিলের সময় প্রার্থীর সকল সরকারি মেডিকেল কলেজের পছন্দক্রম উল্লেখ করা বাধ্যতামূলক।**

২৩.৭ ভর্তি পরীক্ষার কেন্দ্র নির্বাচনে সারণি-১ প্রয়োজন হবে।

২৩.৮ উপর্যুক্ত তথ্যগুলি ও সাথে এ নিয়মাবলির একটি কপি প্রস্তুত থাকলে http://dgme.teletalk.com.bd ক্লিক করতে হবে। প্রথমে ভর্তির নিয়মাবলির একটি সংযোগ দেখা যাবে, সেখানে ক্লিক করে বিস্তারিত পড়ে নিতে হবে। পড়া শেষ হলে আগের পৃষ্ঠায় ফেরৎ আসতে হবে।

২৩.৯ এখানে দুটি অপশন আছে। যারা এসএসসি/সমমান ও এইচএসসি/সমমান পরীক্ষায় পাশ করেছে তাদের জন্য একটি, অপরটি যারা O- Level/A-Level বা বিদেশ থেকে পাশ করেছে তাদের জন্য। দ্বিতীয় ধরনের প্রার্থীদের পরিচালক, চিকিৎসা শিক্ষা (Director, Medical Education), স্বাস্থ্য শিক্ষা অধিদপ্তর, মহাখালী-এর কাছ থেকে আবেদনপত্র পূরণের পূর্বেই Equivalance Certificate ID সংগ্রহ করতে হবে। ID ছাড়া ফরম পূরণ করা যাবে না।

২৩.১০ প্রথম অপশনে ক্লিক করুন। পৃষ্ঠার নিচে Next হাইলাইট হবে এবং সেটা ক্লিক করুন। দ্বিতীয় পৃষ্ঠা আসবে।

২৩.১১ এখানে এসএসসি/সমমান, এইচএসসি/সমমান ইত্যাদির Roll Number, Registration Number, Board, Year পূরণ করতে হবে। প্রার্থীর উপজাতীয় কোটায় সুযোগ থাকলে Tribal applicant or a non-tribal applicant from Hill tract's অপশনে ক্লিক করতে হবে। এখানে ক্লিক না করলে পরের পৃষ্ঠায় উপজাতি সংশ্লিষ্ট অপশনের সুযোগ থাকবে না এবং উপজাতীয় কোটায় নির্ধারিত GPA ৮.০০ কার্যকরী হবে না। **উপজাতি/পার্বত্য জেলার অ-উপজাতি কোটায় আবেদনকারী প্রার্থীদের উপজাতি/পার্বত্য জেলার অ-উপজাতি সনদের স্মারক নম্বর/সনদ নম্বর ও তারিখ অনলাইন আবেদনে এন্ট্রি করতে হবে; স্মারক নম্বর/সনদের নম্বর ও তারিখ ছাড়া উপজাতি/পার্বত্য জেলার অ-উপজাতি কোটায় অনলাইনে এন্ট্রি হবে না।** কোটায় ভর্তির সুযোগ পেলে ভর্তির সময় প্রয়োজনীয় কাগজ দেখাতে না পারলে ভর্তির সুযোগ বাতিল হয়ে যাবে।

২৩.১২ এখানে কোনো কিছু ভুল হলে Reset ক্লিক করে আবার পূরণ করতে হবে। সব তথ্য সঠিকভাবে পূরণ হলে Next ক্লিক করে পরের পৃষ্ঠায় যেতে হবে।

২৩.১৩ এ পৃষ্ঠার উপরের অংশে প্রার্থীর নাম, পিতা-মাতার নাম, জন্ম তারিখ এবং পৃষ্ঠার মাঝামাঝি পরীক্ষায় প্রাপ্ত লেটার গ্রেডসমূহ এবং গ্রেড পয়েন্ট স্বয়ংক্রিয়ভাবে চলে আসবে। (O level/A level প্রার্থীরা অপশনে গিয়ে নিজে পূরণ করবেন)।

২৩.১৪ পরীক্ষার সময় ইংরেজি প্রশ্নের প্রয়োজন হলে এখানে Question Language ইংরেজি অপশন পূরণ করতে হবে।

২৩.১৫ Home District পূরণ করতে হবে। পূরণকৃত জেলার কোটায় ভর্তির আসন বরাদ্দ পেলে ভর্তির সময় সে জেলার সার্টিফিকেট দেখাতে না পারলে বরাদ্দকৃত আসন বাতিল হয়ে যাবে। ২০২১ সালের জনশুমারীর গেজেট নোটিফিকেশন না হওয়ায় ২০১১ সনের জনশুমারী অনুযায়ী জেলা কোটা নির্ধারিত হবে।

২৩.১৬ পূর্বের পৃষ্ঠায় Tribal Quota এ ক্লিক করে থাকলে, এখানে Tribal Quota লিস্ট (সারণি-৪) থেকে একটি নির্বাচন করতে হবে।

২৩.১৭ মুক্তিযোদ্ধা কোটার (সন্তান, সন্তানদের সন্তান) দাবিদার হলে এখানে Eligible for Freedom Fighter Quota ক্লিক করতে হবে। মুক্তিযোদ্ধা কোটায় আবেদনকারী প্রার্থীদের মুক্তিযোদ্ধা বিষয়ক মন্ত্রণালয়ের স্মারক নং ৪৮.০০.০০০০.০০৩.২৫.০১৯.২০.৮৭৫ তারিখ ১৮/১০/২০২০ খ্রি. মূলে প্রকাশিত পরিপত্র অনুযায়ী স্বীকৃত তালিকা/গেজেটের নম্বর অনলাইন আবেদনে এন্ট্রি করতে হবে। তবে চূড়ান্তভাবে ভর্তি পরীক্ষায় উত্তীর্ণ হওয়ার পর নির্বাচিত মেডিকেল কলেজ কর্তৃপক্ষ বর্ণিত পরিপত্র অনুযায়ী মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়রে ওয়েব সাইট www.molwa.gov.bd এর http://mis.molwa.gov.bd/freedom-fighter-list লিংক এ বর্ণিত প্রমাণক/গেজেট যাচাইপূর্বক মুক্তিযোদ্ধার যথার্থতা সর্ম্পকে নিশ্চিত হবেন। প্রমাণক ভুল প্রমাণিত হলে মেডিকেল কলেজে ভর্তির যোগ্য বিবেচিত হবে না। ভুল করে এই মুক্তিযোদ্ধা কোটা অপশন দেয়ার পর মেধা কোটায় আসন পেলেও ভর্তি বাতিল হবে। (মুক্তিযোদ্ধা কোটার দাবিদার সন্তানদের সন্তান এর ক্ষেত্রে সরকার কর্তৃক জারীকৃত অন্যান্য বিধি বিধান অনুসরণ করা হবে)।

২৩.১৮ এরপর Present Address এবং Permanent Address পূরণ করতে হবে। Present Address ও Permanent Address এক হলে Permanent Address এর সামনের বাটনে ক্লিক করলেই চলবে।

২৩.১৯ এগার (১১) ডিজিটের একটি মোবাইল নম্বর বাধ্যতামূলক যা ভর্তি প্রক্রিয়া চলাকালিন সার্বক্ষণিক অবশ্যই চালু রাখতে হবে। টাকা জমা দেওয়ার পর এই মোবাইলে USER ID, PASSWORD ও পরীক্ষার কেন্দ্রের নাম SMS এর মাধ্যমে আসবে। প্রয়োজনে যোগাযোগের জন্য দ্বিতীয় ঘরে আরেকটি মোবাইল নম্বর দিতে হবে।

২৩.২০ এরপর Choice Option পূরণ করতে হবে। বাম পাশের কলেজের লিস্ট থেকে পছন্দের কলেজকে হাইলাইট করে Add বাটন ক্লিক করলে সেটা ডানদিকে চলে যাবে। এভাবে এক এক করে নিজের পছন্দের ক্রমানুসারে সকল কলেজগুলোকে ডানদিকে নিতে হবে। ডান পাশের লিস্ট হবে পছন্দক্রম।

**প্রার্থীকে সকল সরকারি মেডিকেল কলেজের পছন্দক্রম উল্লেখ করতে হবে।**

২৩.২১ এবার পূর্ব থেকে তৈরি করে রাখা ছবি ও স্বাক্ষর কম্পিউটার থেকে অথবা পেনড্রাইভ থেকে ব্রাউজ করে সিলেক্ট করতে হবে।

২৩.২২ Validation Code যেভাবে দেওয়া আছে সেভাবে টাইপ করতে হবে।

২৩.২৩ পৃষ্ঠার শেষে Declaration বাটনে ক্লিক করে **Submit** ক্লিক করতে হবে।

২৩.২৪ কিছুক্ষণ সময় নিয়ে ছবি ও স্বাক্ষর আপলোড হবে এবং পরের পৃষ্ঠা দেখা যাবে। ছবি ও স্বাক্ষর সাইজ মত না হলে আপলোড হবে না। ছবি ও স্বাক্ষর সাইজ মত করার অপশন অনলাইনে রয়েছে।

২৩.২৫ এই পৃষ্ঠায় একটি User ID নম্বর দেখা যাবে। এই নম্বর যত্ন সহকারে সংরক্ষণ করতে হবে, কারণ এটা দিয়ে টেলিটক প্রি-পেইড নম্বর থেকে আবেদনপত্রের ফি জমা দিতে হবে। আবেদনকারীর ছবি ও স্বাক্ষরসহ সকল তথ্য দেখা যাবে। এই পৃষ্ঠা অবশ্যই প্রিন্ট করে রাখতে হবে। কেননা এই ছবি ও স্বাক্ষরেই তিনি সর্বত্র পরিচিত হবেন।

২৩.২৬ এ পৃষ্ঠায় যদি কোনো ভুল তথ্য দেখা যায় অথবা ছবি বা স্বাক্ষর ভুল হয় তবে সঠিক ছবি/স্বাক্ষর বা তথ্য যোগ করে নতুনভাবে ফরম পূরণ করতে হবে। **একবার টাকা জমা দিলে এর পর ছবি বা স্বাক্ষর পরিবর্তনের সুযোগ নেই।** কারিগরি সহায়তার জন্য যে কোনো টেলিটক নম্বর হতে ১২১ অথবা অন্য যে কোনো অপারেটর থেকে ০১৫০০১২১১২১ নম্বরে এ রাত দিন ২৪ ঘন্টা কল করা যাবে।

২৩.২৭ টেলিটক প্রি-পেইড নম্বরের মাধ্যমে ফি জমা দেয়ার পর User ID এবং Password পাওয়া যাবে, যা উভয় মোবাইল নম্বরে আসবে। আবেদনপত্র পূরণের সময় স্টার চিহ্নিত মোবাইল নম্বরটি যে কোনো অপারেটরের মোবাইল হতে পারে। User ID ও Password দিয়ে ০৬-০৩-২০২৩ খ্রি., সোমবার থেকে প্রবেশপত্র ডাউনলোড করা যাবে।

২৩.২৮ ফি জমা দেয়ার পদ্ধতি:

(ক) টেলিটকের প্রি-পেইড মোবাইল ফোনের Message অপশনে গিয়ে MBBS লিখে, স্পেস দিয়ে User ID লিখে 16222 নম্বরে SMS প্রেরণ করতে হবে:

উদাহরণ: MBBS<Space>FRLGCT টাইপ করে Send করুন 16222 নম্বরে। এখানে FRLGCT হলো ফরম পূরণ করে পাওয়া User ID।

ফিরতি SMS -এ একটি PIN, প্রার্থীর নাম এবং পরীক্ষার ফি হিসেবে ১০০০/- (এক হাজার) টাকা কেটে রাখার তথ্য দিয়ে সম্মতি চাওয়া হবে। সম্মতি দেয়ার জন্য নিম্নোক্তভাবে 16222 নম্বরে SMS পাঠাতে হবে।

(খ) Message অপশনে গিয়ে MBBS লিখে, স্পেস দিয়ে YES লিখে স্পেস দিয়ে PIN লিখে স্পেস দিয়ে পছন্দের সর্বোচ্চ চারটি Centre Code (১ নং সারণি দ্রষ্টব্য) কমা (,) দিয়ে (উদাহরণ: নিচে দেওয়া হলো) লিখে 16222 নম্বরে SMS প্রেরণ করতে হবে।

উদাহরণ: **MBBS<Space>YES<Space> 456789<Space> 19,38,47,26** টাইপ করে **Send** করুন 16222 নম্বরে। এখানে 456789 হলো আগের ফিরতি SMS এ পাওয়া PIN Number এবং 19,38,47,26 নম্বরগুলো হলো পরীক্ষা কেন্দ্রের কোড নম্বর। PIN নম্বরটি সঠিক ভাবে লেখা হলে উক্ত টেলিটকের প্রি-পেইড মোবাইল থেকে পরীক্ষার ফি বাবদ ১০০০/- (এক হাজার) টাকা কেটে রাখা হবে এবং প্রার্থীকে ফিরতি SMS -এ পরীক্ষা কেন্দ্রের নাম জানিয়ে একটি User ID I Password দেওয়া হবে।

২৩.২৯ ০৬-০৩-২০২৩ খ্রি. সোমবার থেকে প্রার্থী উক্ত User ID ও Password দিয়ে তার প্রবেশ পত্র Download করে প্রিন্ট নিবেন।

২৩.৩০ প্রবেশপত্র ওয়েব সাইটে দেওয়ার বিষয়টি SMS -এ জানানো হবে। প্রবেশপত্র হারিয়ে গেলে পুনরায় একই প্রক্রিয়ায় প্রবেশপত্র সংগ্রহ করা যাবে। পরীক্ষার ফলাফল প্রার্থীর মোবাইলে SMS এবং DGME এর ওয়েবসাইট www.dgme.gov.bd এবং DGHS-এর ওয়েবসাইট www.dghs.gov.bd এর মাধ্যমে জানানো হবে।

Download করা প্রবেশ পত্র এবং এইচএসসি/সমমান পরীক্ষার Registration ফরম পরীক্ষার হলে অবশ্যই নিয়ে আসতে হবে।

২৪. কোনো আবেদনকারী পূর্ববর্তী বছরে সরকারি মেডিকেল কলেজ বা ডেন্টাল কলেজ/ইউনিটে ভর্তি হয়ে থাকলে অনলাইন ফরম পূরণ করার সময় সরকারি মেডিকেল কলেজ/ডেন্টাল কলেজ/ইউনিটের ভর্তির অপশনে অবশ্যই "Yes" ক্লিক করতে হবে এবং সংশ্লিষ্ট কলেজ অধ্যক্ষের আবশ্যিকভাবে পূর্বানুমতি গ্রহণ করতে হবে। যদি কেউ তথ্য গোপন করে "No" অপশনে ক্লিক করেন এবং তা পরবর্তিতে প্রমাণিত হয় সে ক্ষেত্রে ভর্তি বাতিলসহ তার বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।

২৫. উপজাতি কোটাসমূহের কোড ৪নং সারণিতে দেয়া আছে।

২৬. **জাতীয় মেধাতালিকা ও প্রার্থী নির্বাচন:**

২৬.১ কৃতকার্য পরীক্ষার্থীদের মধ্য থেকে সরকারি মেডিকেল কলেজের অনুমোদিত মোট আসন সংখ্যার সাথে ভর্তি বিজ্ঞপ্তি প্রকাশের তারিখে বেসরকারি মেডিকেল কলেজের অনুমোদিত আসন সংখ্যার ৫ গুণ শিক্ষার্থীকে নিয়ে জাতীয় মেধা তালিকা (বিশেষ কোটা যদি থাকে উল্লেখসহ) প্রকাশ করা হইবে। তবে ভর্তি পরীক্ষায় ৪০ নম্বরের নিচে প্রাপ্ত প্রার্থীরা কোনোভাবেই ভর্তিযোগ্য বিবেচিত হবে না।

২৬.২ সরকারি মেডিকেল কলেজ-এ ভর্তির জন্য মুক্তিযোদ্ধা, উপজাতি ও অ-উপজাতিদের জন্য নির্ধারিত আসন বাদে অবশিষ্ট আসনে ৮০% জাতীয় মেধায় ২০% জেলা কোটায় প্রার্থী নির্বাচন করা হবে। একই সাথে যুক্তিযুক্ত সংখ্যক প্রার্থীদের মেধা ভিত্তিক অপেক্ষমান তালিকাও প্রকাশ করা হবে। সংরক্ষিত আসনসমূহে ও নিজ নিজ শ্রেণির দাবীদারদের মধ্য হতে মেধার ভিত্তিতে প্রার্থী নির্বাচন করা হবে। নির্বাচিত প্রার্থীর অর্জিত মেধাক্রম এবং কলেজ পছন্দের ভিত্তিতে প্রার্থী কোনো কলেজে ভর্তি হবেন তা স্বয়ংক্রিয় পদ্ধতিতে নির্ধারণ করা হবে।

২৬.৩ মুক্তিযোদ্ধা কোটায় সংরক্ষিত ২% আসন মোট আসনের মধ্যে সীমিত থাকবে। মুক্তিযোদ্ধা কোটায় মুক্তিযোদ্ধাদের সন্তান এবং সন্তানদের সন্তানরা আবেদন করতে পারবে।

২৭. মাইগ্রেশন বা কলেজ বদলি ভর্তির জন্যে নির্ধারিত তারিখ শেষে শূন্য আসনসমূহের বিপরীতে ভর্তিকৃত ছাত্র-ছাত্রীদের আবেদন, মেধাস্থান ও কলেজ পছন্দ অনুযায়ী সর্বোচ্চ ৪ (চার) বার কলেজ পরিবর্তনের (অটোমাইগ্রেশন) সুযোগ দেয়া হবে। মাইগ্রেশন শেষে মেডিকেল কলেজসমূহের শূন্য আসনসমূহ অপেক্ষমান তালিকা থেকে মেধাক্রম অনুসারে পূরণ করা হবে। **অন্য কোনোভাবে সরকারি বা বেসরকারি মেডিকেল কলেজ হতে অন্য কোনো মেডিকেল কলেজে বদলী হওয়া বা করা যাবে না।**

২৮. আবেদনপত্রে যে সমস্ত তথ্য ও সনদপত্রের উল্লেখ আছে তার মূল কপি ভর্তির সময় অবশ্যই প্রদান করতে হবে। যেমন-

২৮.১ এসএসসি ও এইচএসসি বা সমমান পরীক্ষার একাডেমিক ট্রান্সক্রিপ্ট।

২৮.২ এসএসসি ও এইচএসসি বা সমমান পরীক্ষা পাসের সনদপত্র/প্রশংসাপত্র।

২৮.৩ জেলা কোটার দাবির ক্ষেত্রে স্থানীয় সিটি কর্পোরেশনের মেয়র/পৌরসভার মেয়র/ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/ওয়ার্ড কমিশনার প্রদত্ত নাগরিকত্বের সনদ।

২৮.৪ দুই কপি সদ্য তোলা পাসপোর্ট সাইজের সত্যায়িত রঙ্গিন ছবি।

২৮.৫ পার্বত্য জেলার উপজাতি প্রার্থীর ক্ষেত্রে সার্কেল চিফ ও জেলাপ্রশাসকের সনদ এবং অ-উপজাতি প্রার্থীদের ক্ষেত্রে সার্কেল চিফ বা জেলাপ্রশাসক প্রদত্ত সনদপত্র এবং অন্যান্য জেলার উপজাতীয় প্রার্থীদের ক্ষেত্রে গোত্র প্রধান ও সংশ্লিষ্ট জেলাপ্রশাসক প্রদত্ত সনদপত্র।

২৮.৬ মহান মুক্তিযুদ্ধে অংশগ্রহণের স্বপক্ষে মুক্তিযোদ্ধা কোটায় আবেদনকারী প্রার্থীদের মুক্তিযোদ্ধা বিষয়ক মন্ত্রণালয়ের স্মারক নং ৪৮.০০.০০০০.০০৩.২৫.০১৯.২০.৮৭৫ তারিখ ১৮/১০/২০২০ খ্রি. মূলে প্রকাশিত পরিপত্র এবং সরকার কর্তৃক জারিকৃত বিধি বিধান অনুসরণ করা হবে।

২৯. কোনো প্রার্থী/আবেদনকারি মুক্তিযোদ্ধা ও উপজাতি কোটা ভুল করে পুরণ করলে সাথে সাথেই নতুন ভাবে (টাকা জমা দেওয়ার পূর্বে) ফরম পূরণ করতে হবে। কারণ, প্রার্থীর চাহিত কোটায় আসন বরাদ্দ হলে, পরবর্তীতে উক্ত কোটার প্রয়োজনীয় কাগজ-পত্র দেখাতে না পারলে আসন বরাদ্দ বাতিল হয়ে যাবে। তখন আর সাধারণ কোটায় বরাদ্দের কোনো সুযোগ থাকবে না ।

৩০. ভর্তির পর সংশ্লিষ্ট কলেজ কর্তৃপক্ষ প্রত্যেক ছাত্র/ছাত্রীর এসএসসি/সমমান ও এইচএসসি/সমমান পরীক্ষার পর সনদ ও নম্বরপত্র সংশ্লিষ্ট শিক্ষাবোর্ডের মাধ্যমে যাচাই করবেন।

৩১. এমবিবিএস কোর্স বাংলাদেশ মেডিকেল এন্ড ডেন্টাল কাউন্সিল (বিএমএন্ডডিসি) অনুমোদিত কারিকুলাম অনুযায়ী পরিচালিত হবে। কোর্স শেষে স্ব স্ব মেডিকেল কলেজ হাসপাতালে বিএমএন্ডডিসি নির্ধারিত লগবুক অনুযায়ী এক বছর ইন্টার্নশীপ সকলের জন্য বাধ্যতামূলক। **কোনোভাবেই অন্য মেডিকেল কলেজে ইন্টার্নশীপ মাইগ্রেশন করা যাবে না।**

**সারণি-১ : পরীক্ষা কেন্দ্রের নাম ও কোড**

| College Code | Examination Centre |
|---|---|
| 13 | Bangabandhu Sheikh Mujib Medical College, Faridpur. |
| 15 | Chattogram Medical College, Chattogram |
| 18 | Cumilla Medical College, Cumilla |
| 19 | Dhaka Medical College, Dhaka |
| 21 | Khulna Medical College, Khulna |
| 23 | M Abdur Rahim Medical College, Dinajpur |
| 24 | M.A.G. Osmani Medical College, Sylhet |
| 26 | Mugda Medical College, Dhaka |
| 27 | Mymensingh Medical College, Mymensingh |
| 31 | Pabna Medical College, Pabna |
| 33 | Rajshahi Medical College, Rajshahi |
| 35 | Rangpur Medical College, Rangpur |
| 42 | Sher-E-Bangla Medical College, Barishal |
| 38 | Shaheed Suhrawardy Medical College, Dhaka |
| 39 | Shaheed Syed Nazrul Islam Medical College, Kishoreganj |
| 41 | Shaheed Ziaur Rahman Medical College, Bogura |
| 46 | Sheikh Sayera Khatun Medical College, Gopalganj |
| 47 | Sir Salimullah Medical College, Dhaka |
| 99 | Dhaka Dental College, Dhaka |

**সারণি-২: বিভিন্ন মেডিকেল কলেজের নাম ও আসন সংখ্যা**

| College Code | College Name | General Seats | Freedom Fighter Seats | Tribal Seats | Total Seats |
|---|---|---|---|---|---|
| 11 | Abdul Malek Ukil Medical College, Noakhali. | 67 | 2 | 1 | 70 |
| 12 | Bangabandhu Medical College, Sunamganj | 48 | 1 | 1 | 50 |
| 13 | Bangabandhu Sheikh Mujib Medical College, Faridpur | 177 | 3 | 0 | 180 |
| 14 | Chandpur Medical College, Chandpur | 48 | 1 | 1 | 50 |
| 15 | Chattogram Medical College, Chattogram | 226 | 4 | 0 | 230 |
| 16 | Colonel Malek Medical College, Manikganj | 72 | 2 | 1 | 75 |
| 17 | Cox's Bazar Medical College, Cox's Bazar | 67 | 2 | 1 | 70 |
| 18 | Cumilla Medical College, Cumilla | 177 | 3 | 0 | 180 |
| 19 | Dhaka Medical College, Dhaka | 226 | 4 | 0 | 230 |
| 20 | Jashore Medical College, Jashore | 67 | 2 | 1 | 70 |
| 21 | Khulna Medical College, Khulna | 177 | 3 | 0 | 180 |
| 22 | Kushtia Medical College, Kushtia | 62 | 2 | 1 | 65 |
| 23 | M Abdur Rahim Medical College, Dinajpur | 177 | 3 | 0 | 180 |
| 24 | M.A.G. Osmani Medical College, Sylhet | 226 | 4 | 0 | 230 |
| 25 | Magura Medical College, Magura | 48 | 1 | 1 | 50 |
| 26 | Mugda Medical College, Mugda, Dhaka | 73 | 2 | 0 | 75 |

| | | | | | |
|---|---|---|---|---|---|
| 27 | Mymensingh Medical College, Mymensingh | 226 | 4 | 0 | 230 |
| 28 | Naogaon Medical College, Naogaon | 48 | 1 | 1 | 50 |
| 29 | Netrokona Medical College, Netrokona | 48 | 1 | 1 | 50 |
| 30 | Nilphamari Medical College, Nilphamari | 48 | 1 | 1 | 50 |
| 31 | Pabna Medical College, Pabna | 68 | 2 | 0 | 70 |
| 32 | Patuakhali Medical College, Patuakhali | 49 | 1 | 1 | 51 |
| 33 | Rajshahi Medical College, Rajshahi | 226 | 4 | 0 | 230 |
| 34 | Rangamati Medical College, Rangamati | 36 | 1 | 1+13 (HT resv) | 51 |
| 35 | Rangpur Medical College, Rangpur | 226 | 4 | 0 | 230 |
| 36 | Sathkhira Medical College, Sathkhira | 62 | 2 | 1 | 65 |
| 37 | Shaheed M Monsur Ali Medical College, Sirajganj | 63 | 1 | 1 | 65 |
| 38 | Shaheed Suhrawardy Medical College, Dhaka | 196 | 4 | 0 | 200 |
| 39 | Shaheed Syed Nazrul Islam Medical College, Kishoreganj | 62 | 2 | 1 | 65 |
| 40 | Shaheed Taj Uddin Ahmad Medical College, Gazipur | 70 | 2 | 0 | 72 |
| 41 | Shaheed Ziaur Rahman Medical College, Bogura | 177 | 3 | 0 | 180 |
| 42 | Sher-E-Bangla Medical College, Barisal | 226 | 4 | 0 | 230 |
| 43 | Sheikh Hasina Medical College , Hobiganj | 49 | 1 | 1 | 51 |
| 44 | Sheikh Hasina Medical College, Jamalpur | 62 | 2 | 1 | 65 |
| 45 | Sheikh Hasina Medical College, Tangail | 62 | 2 | 1 | 65 |
| 46 | Sheikh Sayera Khatun Medical College, Gopalganj | 62 | 2 | 1 | 65 |
| 47 | Sir Salimullah Medical College, Dhaka | 226 | 4 | 0 | 230 |
| | | 4230 | 87 | 20+13 | 4350 |

| সারণি-৩: এমবিবিএস (সরকারি) মোট আসন সংখ্যার বিবরণ | | |
|---|---|---|
| General Seats | 4230 | MBBS |
| Freedom Fighter Quota Seats (2%) | 87 | Grand Total 4350 |
| Tribal (3 Hill Tracts) 3x3 | 09 | |
| Non-Tribal (3 Hill Tracts) | 03 | |
| Tribal (Other districts) | 08 | |
| Tribal Reserved for Rangamati Medical College | 13 | |
| | | |

| সারণি-৪: উপজাতি প্রার্থীদের জন্য কোড | |
|---|---|
| **Code** | **Quota Name** |
| 71 | Rangamati Tribal |
| 72 | Rangamati Non-Tribal |
| 73 | Khagra Chari Tribal |
| 74 | Khagra Chari Non-Tribal |
| 75 | Bandarban Tribal |
| 76 | Bandarban Non-Tribal |
| 77 | Tribal other than Hill-Tracts |

৩২. ভর্তি পরীক্ষা কেন্দ্রীয়ভাবে নিয়ন্ত্রিত হয়। যে কোনো কেন্দ্র হতে ভর্তি পরীক্ষায় অংশগ্রহণ সমান সুযোগ নিশ্চিত করে।

৩৩. পরীক্ষায় অবতীর্ণ/নির্বাচিত কোনো প্রার্থীর দেয়া তথ্য (যা ফলাফল নির্ধারণে বিবেচিত হয়েছে) অসম্পূর্ণ ও ভুল প্রমাণিত হলে তার পরীক্ষা/ফলাফল/ভর্তি বাতিল বলে গণ্য হবে।

৩৪. **যে কোনো বিষয়ে ভর্তি পরীক্ষা কমিটির সিদ্ধান্তই চূড়ান্ত বলে বিবেচিত হবে।**

09/02/2026

**(ডা. মুজতাহিদ মুহাম্মদ হোসেন)**
পরিচালক (চিকিৎসা শিক্ষা) ভারপ্রাপ্ত
স্বাস্থ্য শিক্ষা অধিদপ্তর, মহাখালী, ঢাকা
ফোনঃ ৪৮৮১১২০০
e-mail: medicaledu313@gmail.com

নং- ৫৯.১৪.০০০০.১০৩.৩১.০০১.২৩.২১০ তারিখ: ০৯.০২.২০২৩ খ্রি.

**অনুলিপি জ্ঞাতার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)**

১. মন্ত্রী, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা। (দৃষ্টি আকর্ষন: মন্ত্রী মহোদয়ের একান্ত সচিব)
২. মন্ত্রী, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা। (দৃষ্টি আকর্ষন: মন্ত্রী মহোদয়ের একান্ত সচিব)
৩. সিনিয়র সচিব, জননিরাপত্তা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা । (দৃষ্টি আকর্ষণ: সিনিয়র সচিব মহোদয়ের একান্ত সচিব)
৪. পররাষ্ট্র সচিব, (সিনিয়র সচিব), পররাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা । (দৃষ্টি আকর্ষণ: পরিচালক, আইও বিভাগ)
৫. সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা। (দৃষ্টি আকর্ষণ: সচিব মহোদয়ের একান্ত সচিব)
৬. সচিব, স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা। (দৃষ্টি আকর্ষণ: সচিব মহোদয়ের একান্ত সচিব)
৭. সচিব, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা। (দৃষ্টি আকর্ষণ: সচিব মহোদয়ের একান্ত সচিব)
৮. সচিব, সুরক্ষা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা। (দৃষ্টি আকর্ষণ:- সচিব মহোদয়ের একান্ত সচিব)
৯. সচিব, তথ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা । (দৃষ্টি আকর্ষণ: সচিব মহোদয়ের একান্ত সচিব)
১০. সচিব, মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা। (দৃষ্টি আকর্ষণ: সচিব মহোদয়ের একান্ত সচিব)
১১. সচিব, পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা। (দৃষ্টি আকর্ষণ: সচিব মহোদয়ের একান্ত সচিব)
১২. চেয়ারম্যান, বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন, শের-এ বাংলা নগর, ঢাকা। (দৃষ্টি আকর্ষণ: সচিব, বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন)
১৩. সভাপতি, উপদেষ্টা মন্ডলী, এমবিবিএস, বিডিএস ভর্তি পরীক্ষা কমিটি ২০২৩
১৪. উপাচার্য, ঢাকা বিশ্ববিদ্যালয়, ঢাকা।
১৫. উপাচার্য, বিএসএমএমইউ, শাহবাগ, ঢাকা
১৬. উপাচার্য, চট্টগ্রাম, রাজশাহী ও সিলেট মেডিকেল বিশ্ববিদ্যালয়, শেখ হাসিনা মেডিকেল বিশ্ববিদ্যালয়, খুলনা।
১৭. উপাচার্য, বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয় (বুয়েট), ঢাকা
১৮. উপাচার্য, শেরে বাংলা কৃষি বিশ্ববিদ্যালয়, আগারগাঁও, ঢাকা/ বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়, ময়মনসিংহ
১৯. উপাচার্য, জাতীয় বিশ্ববিদ্যালয়, ঢাকা
২০. মহাপরিচালক, স্বাস্থ্য শিক্ষা অধিদপ্তর, মহাখালী, ঢাকা। (দৃষ্টি আকর্ষণ: সহকারী পরিচালক, প্রশাসন-১)
২১. মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা। (দৃষ্টি আকর্ষণ: সহকারী পরিচালক, সমন্বয়)
২২. অতিরিক্ত সচিব (চিকিৎসা শিক্ষা), স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
২৩. সভাপতি, বিএমএন্ডডিসি, ৮৬, বিজয় নগর, ঢাকা
২৪. মহাপরিচালক, বাংলাদেশ টেলিভিশন, রামপুরা, ঢাকা
২৫. মহাপরিচালক, বাংলাদেশ বেতার, আগারগাঁও, ঢাকা
২৬. সভাপতি, এমবিবিএস, বিডিএস ভর্তি পরীক্ষা কমিটি ২০২৩
২৭. অতিরিক্ত মহাপরিচালক প্রশাসন/চিকিৎসা শিক্ষা, স্বাস্থ্য শিক্ষা অধিদপ্তর, মহাখালী, ঢাকা
২৮. পরিচালক, এমআইএস, স্বাস্থ্য অধিদপ্তর/লাইন ডাইরেক্টর (এমইএন্ডএইচএমডি), স্বাস্থ্য শিক্ষা অধিদপ্তর, মহাখালী, ঢাকা (বিজ্ঞপ্তিটি ওয়েব সাইটে প্রচারের সার্বিক ব্যবস্থা গ্রহনের অনুরোধ সহ)
২৯. ডীন, ফ্যাকাল্টি অব মেডিসিন (সকল বিশ্ববিদ্যালয়) ঢাকা/চট্টগ্রাম/রাজশাহী/শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, সিলেট
৩০. অধ্যক্ষ (সকল সরকারী মেডিকেল কলেজ): আব্দুল মালেক উকিল মেডিকেল কলেজ, নোয়াখালী, বঙ্গবন্ধু মেডিকেল কলেজ, সুনামগঞ্জ, বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিকেল কলেজ, ফরিদপুর, চাঁদপুর মেডিকেল কলেজ, চট্টগ্রাম মেডিকেল কলেজ, কর্নেল মালেক মেডিকেল কলেজ, মানিকগঞ্জ, কক্সবাজার মেডিকেল কলেজ, কুমিল্লা মেডিকেল কলেজ, ঢাকা মেডিকেল কলেজ, যশোর মেডিকেল কলেজ, খুলনা মেডিকেল কলেজ, কুষ্টিয়া মেডিকেল কলেজ, এম আব্দুর রহিম মেডিকেল কলেজ, দিনাজপুর, এমএজি ওসমানী মেডিকেল কলেজ, সিলেট, মাগুরা মেডিকেল কলেজ, মুগদা মেডিকেল কলেজ, ময়মনসিংহ মেডিকেল কলেজ, নওগাঁ মেডিকেল কলেজ, নেত্রকোনা মেডিকেল কলেজ, নীলফামারী মেডিকেল কলেজ, পাবনা মেডিকেল কলেজ, পটুয়াখালী মেডিকেল কলেজ, রাজশাহী মেডিকেল কলেজ, রাঙ্গামাটি মেডিকেল কলেজ, রংপুর মেডিকেল কলেজ, সাতক্ষীরা মেডিকেল কলেজ, শহীদ এম. মনসুর আলী মেডিকেল কলেজ, সিরাজগঞ্জ, শহীদ সোহরাওয়ার্দী মেডিকেল কলেজ, শহীদ সৈয়দ নজরুল ইসলাম মেডিকেল কলেজ, কিশোরগঞ্জ, শহীদ তাজউদ্দীন আহমদ মেডিকেল কলেজ, গাজীপুর, শহীদ জিয়াউর রহমান মেডিকেল কলেজ, বগুড়া, শের-ই-বাংলা মেডিকেল কলেজ, বরিশাল, শেখ হাসিনা মেডিকেল কলেজ, হবিগঞ্জ, শেখ হাসিনা মেডিকেল কলেজ, জামালপুর, শেখ হাসিনা মেডিকেল কলেজ, টাংগাইল, শেখ সায়েরা খাতুন মেডিকেল কলেজ, গোপালগঞ্জ ও স্যার সলিমুল্লাহ মেডিকেল কলেজ, ঢাকা, অধ্যক্ষ, ঢাকা ডেন্টাল কলেজ
৩১. যুগ্ম-সচিব (চিকিৎসা শিক্ষা), স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৩২. অধ্যক্ষ,....................................................................বিএমএন্ডডিসি অধিভুক্ত বেসরকারি মেডিকেল কলেজ (সকল)
৩৩. রেজিস্ট্রার, বিএমএন্ডডিসি, ৮৬, বিজয় নগর, ঢাকা
৩৪. জনসংযোগ কর্মকর্তা, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়/ স্বাস্থ্য অধিদপ্তর, ঢাকা
৩৫. সম্পাদক, বাংলাদেশ সংবাদ সংস্থা, পুরানা পল্টন, ঢাকা (সকল মিডিয়াতে অত্র বিজ্ঞপ্তিটি প্রকাশের ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ)
৩৬. সভাপতি/সাধারন সম্পাদক, বাংলাদেশ প্রাইভেট মেডিকেল কলেজ ওনার্স এসোসিয়েশন
৩৭. অফিস কপি


(ডা. মুজতাহিদ মুহাম্মদ হোসেন) ০৯/০২/২০২৩

পরিচালক (চিকিৎসা শিক্ষা) ভারপ্রাপ্ত

স্বাস্থ্য শিক্ষা অধিদপ্তর, মহাখালী, ঢাকা

ফোনঃ ৪৮৮১১২০০

e-mail: medicaledu313@gmail.com